দৈনিক ইনকিলাব

তারিখ 04 APR 1988

পৃষ্ঠা ৮ কলাম ৭

3

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা প্রসঙ্গে

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ১৯৮৭/৮৮ শিক্ষা বর্ষে অন্যান্য বিষয়ের ন্যায় অর্থনীতি বিভাগে ভর্তি পরীক্ষা আগামী ১৩-৪-৮৮ তারিখে নির্ধারণ করা হয়েছে। অপরদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'খ' ইউনিটের পরীক্ষা উক্ত তারিখেই ঘোষণা করা হয়েছে। এদিকে প্রায় সকল বিশ্ববিদ্যালয়ে আসন সংখ্যা সীমিত থাকায় এহেন প্রতিযোগিতার যুগে একটি ছাত্রকে কয়েকটি বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রতিযোগিতা করতে হয়। এমতাবস্থায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'খ' ইউনিটের পরীক্ষা সমাপনান্তে ইসলামী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা আদৌ সম্ভব হবে না।

সুতরাং ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন— এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে উক্ত অর্থনীতি বিভাগের পরীক্ষা পরবর্তী সময়ে ঘোষণা করে দেশের সকল সাধারণ ছাত্রের উচ্চ শিক্ষার সুযোগ নিশ্চিত করা হোক।

—আমীর হোসেন ও আবদুস সালাম
মাদ্রাসা-ই-আলিয়া, ছাত্রাবাস, ঢাকা।